

যুক্তরাষ্ট্রে প্রবাসী ছাত্রছাত্রীদের তথ্য প্রদানের মেয়াদ বৃদ্ধি

ডন, ডন লাইন

যুক্তরাষ্ট্রের অভিবাসন কর্মকর্তারা ওক্রেবার বসেছেন, দেশে অধ্যয়নরত বিদেশী কলেজ ছাত্রদের সম্পর্কে তথ্য প্রদানের সময় বৃদ্ধি করা হয়েছে। এ সম্পর্কিত তাটা সংগ্রহের জন্য যে তাটা বেস তৈরি করা হয়েছে তা ধীরগতিতে কাজ করছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো এই মর্মে অভিযোগ করার পর কর্তৃপক্ষ আরও দু'সপ্তাহ সময় বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয়। গত বৃহস্পতিবার আগের ঘোষিত শেষ সময় ছিল।

অভিবাসন ও নাগরিকত্ব প্রদান বিভাগের সুবপাত্র ডিস ব্রেইলি বীকার করে বলেন, এক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট সমস্যা রয়েছে। সেজন্য যেসব শিক্ষা প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়সীমার মধ্যে তাদের প্রতিষ্ঠানে অধ্যয়নরত বিদেশী ছাত্রছাত্রীদের সম্পর্কে পূর্ণ তথ্য সরবরাহ করতে পারেনি তাদের আরও দু'সপ্তাহ সময় দেয়া হয়েছে। যেমন মায়ামির ফ্লোরিডা ইন্টারন্যাশনাল স্কুলের সফটওয়্যার এডজাস্টমেন্টের অর্থই হল তারা আগামী সপ্তাহের আগে কাজটি সম্পন্ন করতে পারবে না।